Office of the Director (Finance & Accounts)
University of Barishal
Phone: 0431-2177431, Cell: +8801778-123454
Pabx: 0431-2177770-78 (Ex-1150), Fax: 0431-61827
web: www.bu.ac.bd
E-mail: director-finance@ bu.ac.bd

অর্থ ও হিসাব পরিচালকের অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল।
ফোন: ০৪৩১-২১৭৭৪৩১, মোবা: +৮৮০১৭৭৮-১২৩৪৫৪
পিএবিএক্স: ০৪৩১-২১৭৭৭৭০-৭৮ (Ex-১১৫০), ফ্যাক্স: ০৪৩১-৬১৮২৭
web: www.bu.ac.bd
E-mail: director-finance@ bu.ac.bd

স্মারক নং- বিইউ/অর্থ ও হিসাব/প্রশাঃ ও অনুঃ/১০৭/১/২০১৬/২০৯৮

তারিখ ঃ ২২ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
০৮ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

## অতীব জরুরী নোটিশ

প্রাপক:
সকল ডিন/চেয়ারম্যান/দপ্তর প্রধান/শাখা প্রধান
বরিশাল বিশ্ববিদ্যালয়।

প্রেরক: অর্থ ও হিসাব পরিচালকের অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়।

**বিষয়ঃ বিমক-এর বাজেট টীমের চাহিত কাগজপত্রাদি প্রেরণ ও বাজেট প্রস্তাবনা (চাহিদার যৌক্তিকতা ও প্রয়োজনীয় দলিলাদি সংযুক্তপূর্বক) প্রেরণ প্রসঙ্গে।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণ পূর্বক জানাচ্ছি যে, বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত ও ২০২৫-২৬ অর্থবছরের মূল বাজেট অ্যাসেসমেন্ট করার জন্য বিমক-এর বাজেট টীম বিশ্ববিদ্যালয়ে আসবেন এবং বিশ্ববিদ্যালয়ের বাজেট পর্যালোচনার জন্য আগামী ২২/১০/২০২৫ ও ২৩/১০/২০২৫ খ্রি. তারিখ বিশ্ববিদ্যালয়ে অবস্থান করে ২৪/১০/২০২৫ তারিখে বিশ্ববিদ্যালয় ত্যাগ করবেন (কপি সংযুক্ত)। উক্ত বাজেট টীমের চাহিদা অনুযায়ী বাজেট পরীক্ষণের জন্য আপনার বিভাগ/অফিস-এর নিম্নলিখিত সকল কাগজপত্রাদিসহ নিজ বিভাগ/দপ্তর/অফিসের জন্য বাজেট প্রস্তাবনা (চাহিদার যৌক্তিকতা ও প্রয়োজনীয় দলিলাদি সংযুক্তপূর্বক) আগামী ১৩/১০/২০২৫ খ্রি. তারিখের মধ্যে অর্থ ও হিসাব পরিচালকের অফিসে প্রেরণ করা অতীব জরুরী।

- অত্র অর্থ বছরে কাজের প্রাক্কলন/ক্রয়ের কার্যাদেশ/পেপার কাটিং/প্রশাসনিক আদেশ ইত্যাদি।
- অত্র অর্থ বছরে চাহিদার যৌক্তিকতা ও প্রয়োজনীয় দলিলাদি সংযুক্ত করে নিজ বিভাগ/দপ্তর/অফিসের জন্য প্রয়োজনীয় বাজেট প্রাপ্তির প্রস্তাবনা (সুনির্দিষ্ট প্রাক্কলনসহ আনুষঙ্গিক তথ্যাদি সংযুক্তপূর্বক)।
- বিমক-এর চাহিত কাগজপত্রাদি (যার জন্য যেটা প্রযোজ্য)।

এমতাবস্থায়, আপনার বিভাগ/অফিসের উল্লেখিত সকল কাগজপত্রাদি আগামী ১৩/১০/২০২৫ খ্রি. তারিখের (সোমবার) মধ্যে অর্থ ও হিসাব পরিচালকের অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে
০৮/১০/২৫
(মোঃ আতিকুর রহমান)
দপ্তর প্রধান ও উপ-পরিচালক (অর্থ ও হিসাব
অর্থ ও হিসাব পরিচালকের অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়।
মোবাঃ ০১৭৭৮-১২৩৪৫৪

সংযুক্তি: বিমক এর পত্র।

অনুলিপি (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):
১। পরিচালক (আইটি), নেটওয়ার্কিং এন্ড আইটি অফিস (নোটিশটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ), বরিশাল বিশ্ববিদ্যালয়।
২। পিএস টু ভিসি (মাননীয় উপাচার্যের সদয় অবগতির জন্য), বরিশাল বিশ্ববিদ্যালয়।
৩। সেকশন অফিসার (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য), বরিশাল বিশ্ববিদ্যালয়।
৪। নোটিশ বোর্ড (সকল), বরিশাল বিশ্ববিদ্যালয়।
৫। অফিস কপি।

বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

ইউজিসি ভবন, প্লট # ই-১৮/এ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.ugc.gov.bd


**স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৫২.২০.০১৪.২০- ২৮৬৩ (৫)** **তারিখঃ ০৫ অক্টোবর ২০২৫**

বিষয়ঃ ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত ও ২০২৬-২৭ অর্থবছরের মূল বাজেট অ্যাসেসমেন্ট প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, The University Grants Commission of Bangladesh Order, 1973 এর 5.(1) (b) ও (c) ধারা অনুযায়ী বিশ্ববিদ্যালয়সমূহের আর্থিক চাহিদা নিরুপণ ও সরকার হতে প্রাপ্ত অর্থের মধ্যে বিশ্ববিদ্যালয়সমূহের বাজেট সংস্থান করার বাধ্যবাধকতা রয়েছে। এ উদ্দেশ্যে আপনার বিশ্ববিদ্যালয়ের ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত ও ২০২৬-২৭ অর্থবছরের মূল বাজেট চাহিদা নিরুপণসহ প্রাসঙ্গিক অন্যান্য বিষয়ে পর্যালোচনার জন্য কমিশনের অর্থ, হিসাব ও বাজেট বিভাগের উপ-পরিচালক (বাজেট) জনাব মোঃ হাফিজুর রহমান, সহকারি পরিচালক (বাজেট) জনাব মোহাম্মদ সাজেদুর রহমান ও প্রশাসনিক কর্মকর্তা (হিসাব) জনাব মোঃ বিল্লাল হোসেন ২২-২৩ অক্টোবর ২০২৫ তারিখ বাজেট অ্যাসেসমেন্ট কার্যক্রমে অংশগ্রহণপূর্বক বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে বাজেট অ্যাসেসমেন্ট ও খসড়া বাজেট সভায় মিলিত হবেন। বাজেট অ্যাসেসমেন্ট শেষে ২৪ অক্টোবর ২০২৫ তারিখ নিজ কর্মস্থলেন উদ্দেশ্যে রওনা হবেন। এসময় বাজেট অ্যাসেসমেন্ট দলকে সংযুক্ত চাহিদা পত্রে (সংযুক্তি: ০১) উল্লেখিত তথ্য, কাগজপত্র, বিল-ভাউচার, ব্যক্তিগত নথি, নিয়োগ প্রক্রিয়া সংক্রান্ত তথ্যাদি ও আনুষঙ্গিক দলিল-পত্রাদি সরবরাহপূর্বক সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, কমিশনের অর্থ, হিসাব ও বাজেট বিভাগের দায়িত্বপ্রাপ্ত সদস্য/পরিচালক মহোদয় বাজেট অ্যাসেসমেন্ট দলের সার্বিক তত্ত্বাবধানে থাকবেন এবং বিশ্ববিদ্যালয়ের খসড়া বাজেট সভায় অংশগ্রহণ করবেন।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,


মোঃ রেজাউল করিম হাওলাদার
পরিচালক (অর্থ, হিসাব ও বাজেট বিভাগ)
ফোনঃ০২৫৮১৬০২১৬
director_accounts@ugc.gov.bd


**উপাচার্য,**
বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল।

দৃষ্টি আকর্ষণ: হিসাব বিভাগীয় প্রধান, বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল।

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৫২.২০.০১৪.২০- তারিখঃ ০৫ অক্টোবর ২০২৫

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। রেজিস্ট্রার, বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল।
২। পিএস (অতিরিক্ত পরিচালক), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
৩। উপ-পরিচালক (বাজেট), অর্থ, হিসাব ও বাজেট বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
৪। সহকারি পরিচালক (বাজেট), অর্থ, হিসাব ও বাজেট বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
৫। প্রশাসনিক কর্মকর্তা (হিসাব), অর্থ, হিসাব ও বাজেট বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
৬। ব্যক্তিগত কর্মকর্তা, সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।

05.10.2025


মোঃ এমদাদুল হক
উপ-পরিচালক (বাজেট)